# নির্বাচনকে ঘিরে ৯ দিন নিরাপত্তা ব্যবস্থা জোরদার: স্বরাষ্ট্র উপদেষ্টা



সংগৃহীত ছবি

নির্বাচনের পূর্ববর্তী পাঁচ দিন থেকে শুরু করে নির্বাচনের দিন এবং পরবর্তী তিন দিন পর্যন্ত আইনশৃঙ্খলা বাহিনী মাঠে থাকবে। এ কথা জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী।

শনিবার (১৫ নভেম্বর) দুপুরে পটুয়াখালী সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি জানান, নির্বাচনের সময় মোট ৯ দিন পুলিশ, সেনা ও অন্যান্য নিরাপত্তা বাহিনী দায়িত্বে থাকবে। নির্বাচনের আগে গুরুত্বপূর্ণ নিরাপত্তা কার্যক্রম চালানো হবে। বর্তমানে এখানে ৩০ হাজার সেনা মোতায়েন আছে; নির্বাচনের সময় আনুমানিক ১ লাখ সেনা, ১ লাখ ৫০ হাজার পুলিশ, ৩৫ হাজার বিজিবি, ৫ হাজার নৌবাহিনী, ৪ হাজার কোস্টগার্ড, ৮ হাজার র‍্যাব এবং সাড়ে ৫ লাখ আনসার মাঠে দায়িত্ব পালন করবেন।

উপদেষ্টা আরও বলেন, “নির্বাচনের নিরাপত্তা সম্পূর্ণভাবে নিশ্চিত করা হবে এবং ভোট প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে চলবে।”

পরিদর্শনের অংশ হিসেবে তিনি পটুয়াখালী পুলিশ লাইন্স ও কোস্টগার্ড স্টেশন ঘুরবেন। এরপর কুয়াকাটায় নৌপুলিশ ও ট্যুরিস্ট পুলিশ ক্যাম্পে পরিদর্শন করবেন। সেখানে রাত যাপনের পর আগামীকাল বরিশাল হয়ে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।